দৈনিক ইত্তেফাক
20
তারিখ ... ... APR 12 2000 ...
পৃষ্ঠা ৪ কলাম ৩ ....

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঘ ইউনিটে ভর্তির প্রস্তুতি : সাধারণ জ্ঞান

**দক্ষিণ এশিয়ার বাণিজ্য**

• দক্ষিণ এশীয় বাণিজ্য চুক্তিটি কি নামে পরিচিত এর অর্থ কি?
উ : SAPTA বা South Asian Preferential Frade Agreement. (দক্ষিণ এশীয় অগ্রাধিকার বাণিজ্য চুক্তি)

• কবে এই চুক্তি স্বাক্ষরিত হয় এবং কবে থেকে তা কার্যকর হয়?
উ : ১৯৯৩, কার্যকর হয় ১৯৯৫।

• বাংলাদেশ এবং দক্ষিণ এশিয়ায় তার বাণিজ্য অংশীদাররা তাদের আমদানি ও রপ্তানির কত শতাংশ সার্ক অঞ্চলের মাধ্যমে সম্পন্ন করে? সার্বিকভাবে এই আন্তঃআঞ্চলিক বাণিজ্যের শতকরা হার কত?

• জনসংখ্যার ভিত্তিতে SAARC অঞ্চলের মোট জনসংখ্যা কত এবং সমগ্র বিশ্ব জনগোষ্ঠীর মোট কত শতাংশ মানুষ এই অঞ্চলে বাস করে?
উ : এটি বিশ্বের সর্বাধিক জনবহুল আঞ্চলিক জোট। ১২০টি কোটি সমগ্র বিশ্ব জনগোষ্ঠীর এক-পঞ্চমাংশ।

• মহান মুক্তিযুদ্ধের পর বাংলাদেশ মোট কতজনকে যুদ্ধাপরাধী হিসেবে অভিযুক্ত করা হয়?
উ : ১৯৫ জন।

• কত সালে বাংলাদেশ-ভারত বাণিজ্য চুক্তি স্বাক্ষরিত হয়?
উ : ১৯৭২ সালের ২৫ মার্চ।

• প্রতিবেশী দেশ বার্মার (মিয়ানমার) এর সাথে বাংলাদেশের প্রধান সমস্যা কি?
উ : রোহিঙ্গা শরণার্থী সমস্যা।

• কুমিল্লার কোথায় BARD অবস্থিত?
ক) দাউদকান্দি খ) হোমনা গ) চাঁদপুর ঘ) কোটবাড়ী।

• আগুনমুখা কি?
ক) রংপুর খ) জামালপুর গ) মীরপুর ঘ) পাকশী।
পাকশী কেন বিখ্যাত?

• মহামুনি বৌদ্ধ বিহার কি এবং কোথায়?
উ : বৌদ্ধদের ঐতিহ্যবাহী তীর্থস্থান। চট্টগ্রামের রাউজানে অবস্থিত।

• বাংলাদেশ লোকশিল্প জাদুঘর কোথায়? এর মূল স্বপ্নদ্রষ্টা কে ছিলেন?
উ : সোনারগাঁ, শিল্পাচার্য জয়নুল আবেদীন।

• দক্ষিণ তালপট্টি দ্বীপের অপর নাম কি?
উ : পূর্বাশা।

• বাংলাদেশের বৃহত্তম রেলস্টেশন ও বৃহত্তম রেল জংশনের নাম কি?
উ : কমলাপুর ও সৈয়দপুর।

• কোন গ্যাসফিল্ডটি বাংলাদেশের সর্ববৃহৎ গ্যাসক্ষেত্র
উ : বাখরাবাদ গ্যাসফিল্ড।

• ব্রিসাইল ও তোষা কি?
উ : উন্নতমানের ধান। তোষা হচ্ছে উন্নতমানের পাটের চারা।

• সুমাত্রা ও ম্যানিলা কিসের নাম?
উ : এক প্রকার তামাক শস্য।

• বাংলাদেশের কুঠির শিল্পের সংরক্ষণ প্রসার ও উন্নয়নের জন্য সরকারের যে প্রতিষ্ঠানটি নিয়োজিত রয়েছে তার নাম কি?
উ: Bangladesh small and cottage Industries Corporation (BSCIC) বিসিক। ১৯৫৭ সালে।

• আমাদের দেশের মোট কাপড়ের চাহিদার কত শতাংশ তাঁত শিল্প হতে আসে।
উ : ৬০%।

• কত সালের মধ্যে 'সবার জন্য শিক্ষা' কর্মসূচী গ্রহণ করা হয়েছে?
উ : ২০০০ সাল।

• 'সন্দীপন' কি?
উ : দুই বছরমেয়াদি একটি স্বাক্ষরতা আন্দোলনের নাম।

• প্রথম 'আমদানী রফতানী নীতি' কত বছরের জন্য ঘোষণা করা হয়?
উ : ১৯৯৭-২০০২ সালের জন্য।

• ঢাকা স্টক এক্সচেঞ্জে 'ক্রাই আউট' পদ্ধতির পরিবর্তে বর্তমানে কোন পদ্ধতির সাহায্যে লেনদেন পরিচালনায় সিস্টেম প্রবর্তন করা হয়েছে?
উ : কম্পিউটারভিত্তিক অনলাইন ট্রেডিং সিস্টেম।

• SAFA কি? এর ১৩ তম সম্মেলন কবে কোথায় অনুষ্ঠিত হয়?
উ: South Asian Accountants Fedaration। ঢাকায় ১৯৯৮ সালের ২২ আগস্ট।

• কবে থেকে ঢাকা ও কলকাতার মধ্যে সরাসরি বাস সার্ভিস চালুর সিদ্ধান্ত গৃহীত হয়?
উ : ২৮ জুন, ১৯৯৯৮।

• অর্থনীতিবিদগণের মতে বাংলাদেশের অর্থনীতির জন্য প্রথম তিনটি মূল সমস্যা কি কি?
উ: ১) পাবলিক সেক্টরের সঠিক ব্যবস্থাপনা ২) ব্যক্তি খাতের উন্নয়ন এবং ৩) মানব সম্পদের উন্নয়ন।

• ঋণ আদায় যথাযথভাবে সম্পাদনের জন্য সরকার কত সালে 'দেউলিয়া আইন' প্রণয়ন করে? এই আইনের দ্বারা কোন দুটি সনের পুরানো দুটি দেউলিয়া সংক্রান্ত আইন বাতিল করা হয়?
উ: ১৯৯৭ সালে। ১৯০৯ এবং ১৯২০ সালের পুরোনো আইনগুলো।

• থাইল্যান্ড ছাড়া আর কতটি দেশের সঙ্গে বাংলাদেশের বন্দী বিনিময় চুক্তি স্বাক্ষরের কথা রয়েছে?
উ : যুক্তরাষ্ট্র, কানাডা, জিম্বাবুয়ে এবং লিবিয়া।

**বাংলাদেশের বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সদস্যপদ লাভ**

১. কমনওয়েলথ-১৮ এপ্রিল, ১৯৭২
২. জাতিসংঘ-১৭ সেপ্টেম্বর, ১৯৭৪
৩. IMF-১০ মে, ১৯৭২
৪. ILO-২২ জুন, ১৯৭২
৫. ইউনেস্কো-১৯ অক্টোবর, ১৯৭২
৬. UNCTAD-২০ মে, ১৯৭২
৭. কলম্বো পরিকল্পনা-৬ নভেম্বর, ১৯৭২
৮. ইসলামি সম্মেলন সংস্থা (OIC)-১৯৭৪

• বঙ্গভঙ্গ কখন রদ হয়?
(ক) ১৯০৫ সালের ১ সেপ্টেম্বর (খ) ১৯০৫ সালের ১ জুলাই
(গ) ১৯১১ সালের ১২ ডিসেম্বর (ঘ) ১৯০৪ সালের ১২ ডিসেম্বর

• অসহযোগ আন্দোলনের নেতা কে ছিলেন?
(ক) মাওলানা শওকত আলী (খ) মাওলানা মুহম্মদ আলী
(গ) মহাত্মা গান্ধী (ঘ) চিত্তরঞ্জন দাস

• 'শহীদ মিনার' প্রথম কে উন্মোচন করেন?
(ক) শহীদ শফিউরের পিতা (খ) শহীদ মতিউরের পিতা
(গ) খাজা নাজিমুদ্দিন. (ঘ) নুরুল আমিন

• একুশ দফার প্রথম দফা কি ছিল?
(ক) সর্বস্তরে বাংলা ভাষার প্রচলন.
(খ) অবৈতনিক প্রাথমিক শিক্ষা কার্যকরি করা
(গ) স্বতন্ত্র নির্বাচন
(ঘ) পূর্ণ আঞ্চলিক স্বায়ত্বশাসন

• বাংলাদেশ সংবিধানিক পদ কয়টি?
(ক) ৫টি (খ) ৩টি (গ) ৪টি (ঘ) ৬টি

• কুমিল্লা পল্লী উন্নয়ন একাডেমির প্রতিষ্ঠাতা কে?
(ক) ড. ফারুক (খ) আখতার হামিদ খান
(গ) ড. ইউনুস (ঘ) ফজলে আবেদ খান

• বাকল্যান্ড বাঁধ কোথায়,
(ক) তিস্তা (খ) বুড়িগঙ্গা (গ) শীতলক্ষ্যা (ঘ) রূপসা

• প্রাচীনকালে বাংলাদেশ থেকে বিদেশে কি রপ্তানি হতো?
(ক) চাল (খ) তেল (গ) চিনি (ঘ) মসলা

• ১৯৯৮-এর ভয়াবহ বন্যার কারণে পরবর্তী অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি বা ADP থেকে কি পরিমাণ আর্থ সাশ্রয়ের উদ্যোগ নেওয়া হয়?
উঃ ৪২০ কোটি

• বাংলাদেশের বন্যার কারণে জাতিসংঘ বহির্বিশ্বে কতোটাকার জরুরি সাহায্যের আবেদন জানিয়েছিল?
উঃ ২২৪ মিলিয়ন ডলার

• মার্কিন যুক্তরাষ্ট্রের কোন সংস্থাটি বন্যাবিধ্বস্ত বাংলাদেশকে ব্যাপক ত্রাণ সহায়তা প্রদান করে? কোন বিশ্বখ্যাত মার্কিন এনজিও এই সমস্ত ত্রাণসামগ্রী ও অর্থসাহায্য বিতরণ করে?
উ ঃ USAID/care

• বন্যাজনিত খাদ্যাভাব থেকে বাংলাদেশকে রক্ষার জন্য জাতিসংঘের কোনো সংস্থা অপর একটি দেশে পাঠানো খাদ্যশস্য ভর্তি একটি বৃহৎ জাহাজকে দিক পরিবর্তন করে জরুরি ভিত্তিতে বাংলাদেশ অভিমুখে যাত্রার নির্দেশ দেয়?
উঃ W.F.P

• পরিচয় দাও
১. পরিকল্পনা কমিশন ২.UGC ৩. BPSC ৪. BSRS ৫. ICB

কোথায় অবস্থিত
• হাজীগঞ্জ ঐতিহাসিক বড়ো মসজিদ
• গাজী, কালু ও চম্পাবতীর কবর
• চিশতী বেহেশ্‌তীর মাজার
• কদম মোবারক মসজিদ
• বায়েজিদ বোস্তামীর দরগা ও মসজিদ।

শব্দসংক্ষেপ- BCIC, BFIDC, BSS, HBFC, FFWC

■ ইসরাত জাহান পল্লবী